মুজিবনগরে ৫০ বোতল ফেনসিডিল উদ্ধার ২ বহনকারী পলাতক

মুজিবনগরে মাদকবিরোধী অভিযানে ১ লক্ষ টাকা মূল্যের ৫০ বোতল ফেনসিডিল উদ্ধার করেছে মুজিবনগর থানা পুলিশ এ সময় ফেন্সিডিয়াল ফেলে পালিয়ে যায় দুই মাদক ব্যবসায়ী।

শনিবার রাত ৯ টার সময় জয়পুর তারানগর মাধ্যমিক বিদ্যালয়ের পাশ থেকে এসব ফেনসিডিল আটক করা হয়।

পুলিশের এজাহার সূত্রে জানা গেছে, মুজিবনগর থানার জয়পুর মোড়োতলা বিলের দিক থেকে আনন্দবাস গ্রামের দিকে কতিপয় মাদক ব্যবসায়ি মাদকদ্রব্য ফেনসিডিল নিয়ে যাচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ এর নির্দেশে এসআই উত্তম কুমার সংগীয় ফোর্স পিএসআই সাইফুল ইসলাম, এএআই (ইলিয়াস হোসেন, কং হেলাল উদ্দিন, কং বিপ্লব হোসন শনিবার রাত ৯ টার দিকে জয়পুর গ্রামের জয়পুর-তারানগর মাধ্যমিক বিদ্যালয়ের উত্তরে জনৈক সেন্টুর পুকুরের পাশে গোপনে অবস্থান করে।

কিছুক্ষণ পরে দুইজন লোক হাতে করে দুইটি প্লাস্টিকের ব্যাগ নিয়ে পুলিশের নিকটবর্তী রাস্তার উপর পৌছামাত্র পুলিশের উপস্থিতি টের পেয়ে দৌড়ে পালানোর সময় পুলিশ তাদের পিছু পিছু ধাওয়া করে। পুলিশের ধাওয়া খেয়ে আসামী উপজেলার আনন্দবাস গ্রামের (পূর্বপাড়া) মৃত সদর মোল্লার ছেলে সাইফুল ইসলাম (৩৫) এবং আনন্দবাস খ্রিষ্টানপাড়ার আরশাদ আলীর ছেলে সেলিম (৩৭) ২ টি প্লাস্টিকের ব্যাগ ফেলে দৌড়ে পালিয়ে পালিয়ে যায়।আসামীদের ফেলে যাওয়া ০২ (দুই) টি বাজার করা প্লাস্টিকের ব্যাগের মধ্যে রক্ষিত সর্বমোট (২৫+২৫)= ৫০ (পঞ্চাশ) বোতল অবৈধ মাদক দ্রব্য ভারতীয় ফেন্সিডিল উদ্ধার করে পুলিশ।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান জানান, পলাতক আসামীদের সম্পর্কে খোঁজ খবর নিয়ে জানা গেছে আসামীরা এলাকার চিহ্নিত ও পেশাদার মাদক ব্যবসায়ী। তারা পরস্পর যোগসাজসে ও সহায়তায় ফেন্সিডিল সহ বিভিন্ন প্রকার মাদকদ্রব্য নিজ হেফাজতে রেখে এলাকায় বিক্রয় করে যুব সমাজকে ধ্বংসের দিকে ধাবিত করছে।

পলাতক আসামীদের বিক্রয়ের উদ্দেশ্যে অবৈধ মাদকদ্রব্য ফেন্সিডিল

হেফাজতে রেখে ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬ (১) এর ১৪(খ) ধারার অপরাধ করেছে। পলাতক আসামীদের গ্রেফতারের জন্য অভিযান চলছে।